

গণ বিজ্ঞপ্তি


এতদ্বারা বেগমগঞ্জ উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধাগণকে জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বাস্তবায়নাধীন 'অসম্বল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দের জন্য বেগমগঞ্জ উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী/সন্তান এর নিকট হতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। নির্ধারিত ফরম সংগ্রহ ও পূরণপূর্বক আগামী ১৭ জুন ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী এ সরাসরি জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বর্ষিত তারিখের পরে কোন আবেদন জমা নেয়া হবেনা।

শর্তাবলীঃ

- ১। আবেদনকারীর বার্ষিক আয় (মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ব্যতীত) ৬০,০০০/- (ষাট হাজার) টাকার নিম্নে হতে হবে।
- ২। আবেদনকারীর নিজস্ব কোন বাড়ী-ঘর নেই বা কুড়ে ঘরে থাকেন এমন ব্যক্তি হতে হবে।
- ৩। বীর মুক্তিযোদ্ধা হিসেবে উল্লিখিত দালিলিক প্রমাণাদির (ডারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা/মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকা) অন্তর্ভুক্ত হতে হবে।
- ৪। বরাদ্দপ্রাপ্ত আবাসনটি নিজস্ব আবাসন হিসেবে ব্যবহার করতে হবে। ইহা কোনভাবেই বিক্রয়/হস্তান্তর কিংবা অন্য কোন কাজে (দাপ্তরিক/বাণিজ্যিক ইত্যাদি) ব্যবহার করা যাবে না।
- ৫। একজন বীর মুক্তিযোদ্ধার অনুকূলে কেবল একটি আবেদন করা যাবে।
- ৬। শহীদ ও প্রয়াত বীর মুক্তিযোদ্ধার একাধিক স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অনাপত্তি পত্র থাকতে হবে।
- ৭। ইতোমধ্যে কোন বীর মুক্তিযোদ্ধার অনুকূলে আবাসন সুবিধা পেয়ে থাকলে পুনরায় আবেদন করার সুযোগ নেই।
- ৮। বীর নিবাস লে-আউট দেয়ার জন্য ন্যূনপক্ষে জমির পরিমাণ দৈর্ঘ্য ৩৯ ফুট ও প্রস্থ ২৯ ফুট নিম্নস্টক থাকতে হবে।
- ৯। আবেদনকারীর জমি নিজের নামে খতিয়ানভুক্ত হতে হবে এবং নিম্নস্টক মর্মে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রত্যয়ন আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।


যে সকল বীর মুক্তিযোদ্ধাগণ উপরিউক্ত শর্তাবলী পূরণ করেন তাঁদের নির্ধারিত ফরমে আবেদনপত্রের সাথে বীর মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণাদি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, বীর মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), ওয়ারিশ সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নস্টক জমির প্রত্যয়ন ও আনুষঙ্গিক কাগজপত্র দাখিল করতে হবে।


২৫/০৫/২০২৫

মো: আরিফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বেগমগঞ্জ, নোয়াখালী
ফোন নম্বরঃ ০৩২১৫১৯৬৪
e-mail :unobegumganj@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, নোয়াখালী
- ২। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৩। উপজেলা সমাজসেবা অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল),বেগমগঞ্জ, নোয়াখালী [যে সকল বীর মুক্তিযোদ্ধা যোগাযোগ করবেন তাঁদের বাড়িতে সরেজমিনে গিয়ে জমি নিম্নস্টক আছে কি না তার প্রত্যয়ন প্রদান করবেন।]
- ৫। সাবেক কমান্ডার/ডেপুটি কমান্ডার, উপজেলা কমান্ড কাউন্সিল, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৬। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৭। নোটিশ বোর্ড


২৫/০৫/২০২৫

মো: আরিফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার